গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ**

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

www.khdc.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নং- ২৯.০০.০০০০.২১৪.৯৯.০০১.২০.৬৯ তারিখ :২৫ অক্টোবর ২০২৩খ্রি. এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, মৎস্য-১ অধিশাখা এর স্মারক নং-৩৩.০০.০০০০.১২৬.১৯.০০৪.২৩.৬০৩তারিখ : ১৫ অক্টোবর ২০২৩খ্রি. মূলে শূন্য পদ পূরনের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত বিভাগ জেলা মৎস্য দপ্তর, খাগড়াছড়ি এর আওতাধীন নিম্নবর্ণিত বিদ্যমান শূণ্যপদ সমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে:-

| ক্র: নং | পদের মান ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | ক্ষেত্রসহকারী (গ্রেড-১১) | ০১ | ১২৫০০-৩০২৩০/- | কোন স্বীকৃত বোর্ড হতে জীব বিজ্ঞান বিষয়সহ বিজ্ঞান বিভাগে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত বোর্ড হতে মৎস্য বিষয়ে ৪(চার) বছর মেয়াদি ডিপ্লোমা সনদ থাকতে হবে। |
| ২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ০৪ | ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি পরীক্ষায় প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দ। |
| ৩. | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০৪ | ৮২৫০-২০০১০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলি:

০১. আবেদনকারীকে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর বরাবর দরখাস্তের নমুনা ছক মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত ছকের আবেদনপত্র ও প্রয়োজনীয় বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী ০৭/০৫/২০২৪খ্রি. তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময় বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে জেলা মৎস্য দপ্তর, খাগড়াছড়িতে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

০২. আবেদনপত্রের নমুনা ছক A4 সাইজের অফসেট কাগজে টাইপ করে তথ্যাবলী পূরণ পূর্বক দরখাস্ত করতে হবে। আবেদন পত্রের ছক ও প্রবেশ পত্রের নমুনা ছক পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর ওয়েব সাইটে www.khdc.gov.bd সহ পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এবং জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খাগড়াছড়ি এর নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

০৩ প্রার্থীর বয়স৩১/০৩/২০২৪ খ্রি. তারিখে ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত।

০৪. আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (কর্মকর্তার সুস্পস্ট নাম, পদবী, সীল ও স্বাক্ষর থাকতে হবে), সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (আবেদনপত্রের সাথে ১ (এক) কপি এবং প্রবেশপত্রের সাথে ২ (দুই) কপি) আঠা /গাম দিয়ে লাগাতে হবে।

খ) সকল শিক্ষাগত যোগ্যতার বোর্ড/ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/ সাময়িক সনদ (সত্যায়িত)।

গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (সত্যায়িত)।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদ ।

ঙ) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ (সত্যায়িত)।

চ) জন্মনিবন্ধন সনদ (সত্যায়িত)।

ছ) জাতীয় পরিচয়পত্র (সত্যায়িত)।

জ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধারপুত্র/ কন্যা, পুত্র/ কন্যার পুত্র/ কন্যা আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সনদ(সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)। পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক সনদ (সত্যায়িত)।

ঝ) এতিমখানা নিবাসী, শারিরীক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের উর্পযুক্ত কতৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদ (সত্যায়িত)।

ঞ) আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

ট) আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ১ ও ২ নং ক্রমিকে বর্ণিত প্রার্থীর ক্ষেত্রে ৪০০/-(চারশত) টাকা এবং ৩নং ক্রমিকে বর্ণিত প্রার্থীর ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকা (অফেরৎযোগ্য) চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর নামীয় সোনালী ব্যাংক, খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং-৫৪১২২০০০২৫২২৬ এ জমা দিয়ে জমা স্লিপের মূল কপি সংযুক্ত করতে হবে।

০৫. চাকুরীরত প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৬. অসম্পূর্ণ ও ত্রূটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭. আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি ভ্রান্ত বলে প্রতীয়মান হলে নিয়োগের যে কোন পর্যায়ে আবেদন পত্র/ নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮. প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল মাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে।

০৯. প্রবেশপত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার এবং নোটিশ বোর্ড ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটের মাধ্যমে মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদের মূল কপি উপস্থাপন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ ডি এ প্রদান করা হবে না।

১০. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থীত পদে নিয়োগ প্রদানের বাধ্য নয়।

১১. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী বিধি বিধান, নীতিমালা অনুসরণ করা হবে। একই সাথে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, চাকুরীর প্রবিধান মোতাবেক খাগড়াছড়ি জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত সম্প্রদায় ভিত্তিক কোটা অনুসরণ করা হবে।

১২. আবেদনপত্র গ্রহণ ও বাতিল বিষয়ে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করারক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগ আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে। এছাড়া কোন কোটা দাবী করা হলে (মুক্তিযোদ্ধা/এতিমখানা নিবাসী/আনসার ভিডিপি/ প্রতিবন্ধী) খামের ডান পাশে উপরিভাগে উল্লেখ করতে হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

স্বাঃ-
(মংসুইপ্রু চৌধুরী)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

স্মারক নং- ৩৩.০২.৪০০.০০০.০০.০০০.২৩-৬৬৩ তারিখ : ৩১/০৩/২০২৪খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) :-

০১. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
০২. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান।
০৪. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
০৫. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/ গুইমারা রিজিয়ন।
০৬ বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তরর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
০৭. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. জেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি। বিজ্ঞপ্তিটি জেলার সকল উপজেলার মৎস্য দপ্তরে নোটিশ বোর্ডে টাঙিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১. মাননীয় প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর সদয়জ্ঞাতার্থে তাঁর একান্ত সচিব।
১২. সম্পাদক/জেলাপ্রতিনিধি............................................ঢাকা/দৈনিক.......................................................চট্টগ্রাম/ দৈনিব ........................................খাগড়াছড়ি আগামী ০৩ (তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি পত্রিকায় একটি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রের করতে অনুরোধ করা হলো।
১৩. আইটি অফিসার, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়িকে বিজ্ঞপ্তিটি (চাকুরীর আবেদন ফরম ও প্রবেশপত্র ফরম) এ পরিষদের ওয়েব সাইটে প্রকাশে জন্য অনুরোধ করা হলো।
১৪. অফিস কপি/নোটেশ বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।